রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৫, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
পৌর-৩ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ভাদ্র ১৪১১/ ২ সেপ্টেম্বর ২০০৪

এস, আর, ও নং ২৬৭-আইন/২০০৪।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৪৪-আইন/২০০৪, তারিখ ২৩শে ফেব্রুয়ারী, ২০০৪ ইংরেজী মোতাবেক ১১ই ফাল্গুন, ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে কুমিল্লা জেলার দেবিদ্বার মিউনিসিপ্যালিটিভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ সম্প্রসারণের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য কুমিল্লা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে দেবিদ্বার মিউনিসিপ্যালিটিভুক্ত করার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীন উক্তরূপ সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;


মূল্য : টাকা ১.০০

যেহেতু Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(b)তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৫ই ভদ্র, ১৪১১ বাংলা মোতাবেক ৩০শে আগস্ট, ২০০৪ ইংরেজী তারিখ হইতে দেবিদ্বার মিউনিসিপ্যালিটির অন্তর্ভূক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল, যথা ঃ—

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে.এল. নং | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | দেবিদ্বার | ভিংলাবাড়ী | ৩৯ | ১৯২৩ |
| (২) | দেবিদ্বার | বড় আলমপুর | ৩৫ | ৩৫৮০-৩৫৮৫ |
| (৩) | দেবিদ্বার | চাম্পানগর | ৩৬ | ৬২২-৬২৫ |
| (৪) | দেবিদ্বার | ছোট আলমপুর | ৩৭ | ৯৮৩-১০৪৭ |
| (৫) | দেবিদ্বার | বিজলী পাঞ্জার | ৩৮ | ৬০৩ |
| (৬) | দেবিদ্বার | পশ্চিম ফতেহাবাদ | ৩৯ | ৩৭৯১-৩৭৯৩ |
| (৭) | দেবিদ্বার | মরিচাকান্দা | ৪০ | ১১৫৩-১১৬১ |
| (৮) | দেবিদ্বার | বারেরা | ৪৮ | ১০০১-২০০০, ২৪৭৮-২৪৮২ |
| (৯) | সুবিল | ওয়াহেদপুর | ২৪ | ৯৯১-১০৮৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।